



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A./B.Sc./B.Com. Honours 2nd Semester Examinations, 2023

BENGALI

বাংলা ভাষা, উচ্চারণ, বানান, অর্থবোধের চর্চা

AECC (MIL)

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর লেখোঃ ১×১০ = ১০
- (ক) 'বর্ণপরিচয়' কত খ্রিস্টাব্দে রচিত হয়েছিল ?
- (খ) বিসর্গ সন্ধির দুটি উদাহরণ দাও।
- (গ) 'বর্ণপরিচয়' গ্রন্থে বিদ্যাসাগর ব্যঞ্জনবর্ণের যে তালিকা দিয়েছেন তাতে ক'টি ব্যঞ্জনবর্ণ রয়েছে ?
- (ঘ) ক্রিয়াপদ কাকে বলে ?
- (ঙ) 'গোপাল' ও 'রাখালে'র মধ্যে কে পড়াশুনায় অমনোযোগী ?
- (চ) একটি নামপদের উদাহরণ দাও।
- (ছ) 'একদা একটি বালক বিদ্যালয় হইতে অন্য এক বালকের একখানি পুস্তক চুরি করিয়া আনিয়াছিল।'
— বালকটির নাম কী ?
- (জ) '... আমি শুনিলাম তুমি পুষ্করিণীর পাড়ে দাঁড়াইয়া ডেলা ছুড়িতেছিলে।' — কার কথা বলা হয়েছে ?
- (ঝ) 'সহজপাঠ' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল ?
- (ঞ) সহজপাঠের চিত্রগুলি কে অঙ্কন করেছিলেন ?
- (ট) শূন্যস্থান পূরণ করোঃ
রাম বনে _____ পাড়ে। গায়ে তার _____ শাল।
- (ঠ) আঙিনায় কানাই বলাই কী করে ?
- (ড) 'কার'-উপসর্গ যোগে একটি শব্দ লেখো।
- (ঢ) 'ষোড়শ' — সন্ধি বিচ্ছেদ করো।
- (ণ) 'ঘরে যায় ছাতা কিনে'—'ঘরে'—কোন কারকে কোন বিভক্তি ?
- ২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখোঃ ৫×১ = ৫
- (ক) ব্যঞ্জন সন্ধি বলতে কী বোঝো ? দৃষ্টান্ত সহকারে আলোচনা করো।

- (খ) 'সহজপাঠ' প্রথম ভাগের 'আমাদের ছোট নদী ...' কবিতাটিতে বর্ণিত প্রাকৃতিক শোভা নিজের ভাষায় লেখো।
- (গ) 'বর্ণপরিচয়' দ্বিতীয় ভাগের অষ্টম পাঠে পিতামাতা সম্পর্কে শিশুদের কী কী উপদেশ দেওয়া হয়েছে?

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০×১ = ১০

- (ক) 'বর্ণপরিচয়'-এর দ্বিতীয় ভাগে বর্ণিত মাধব চরিত্রটি সম্পর্কে নিজের ভাষায় লেখো।
- (খ) সন্ধি কাকে বলে? সন্ধি কয় প্রকার ও কি কি? প্রত্যেকটির উদাহরণ দাও।
- (গ) 'হাট' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১৫×১ = ১৫

- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বর্ণপরিচয়' প্রথম ভাগে বর্ণিত গোপাল ও রাখাল চরিত্রের বৈপরীত্য নির্দেশ করে লেখকের কোন মানসিকতার পরিচয় পাওয়া যায় তা লেখো।
- (খ) 'সহজপাঠ'-এর ত্রয়োদশ পাঠ-এ জমিদারি প্রথার নিষ্ঠুরতা এবং মানুষের প্রতি মানুষের সহানুভূতির নিদর্শন কীভাবে পরিস্ফুট হয়েছে, তা বুঝিয়ে দাও।
- (গ) অব্যয় পদ কাকে বলে? অব্যয় পদের শ্রেণিবিভাজন করে উদাহরণসহ আলোচনা করো।

—x—